**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**9 MARCH 2025** **7:35AM**

==========================================================================

অসম গণ পরিষদ দলের বর্ধিত কেন্দ্রীয় কার্যনির্বাহক কমিটির এক সভা গতকাল গুয়াহাটী আমবাড়ীতে অনুষ্ঠিত হয়েছে । অগপ সভাপতি অতুল বরার পৌরহিত্যে আয়োজিত সভায় আগামী পঞ্চায়েত নির্বাচন , স্বশাসিত পরিষদের নির্বাচনের প্রস্তুতি সম্পর্কে বৈঠকে আলোচনা করা হয় । প্রথমবারের জন্য রাজ্য বিজেপির সভাপতি দিলীপ শইকীয়া অগপর কার্যালয়ে উপস্থিত হয়ে দলীয় নেতা কর্মীদের সংগে সৌজন্যমূলক আলোচনায় মিলিত হন । ভাষন প্রসংগে তিনি অগপর সংগে ভবিষ্যতে বিজেপি দলের মিত্রতা থাকবে বলে জানান । সভায় দলের কার্যকরী সভাপতি কেশব মহন্ত সহ অন্যান্য নেতা ও কর্মীরা অংশ গ্রহণ করেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও গতকাল বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করা হয় । এ উপলক্ষে কাছাড় জেলা প্রশাসন এবং জেলা সমাজ কল্যাণ বিভাগের সহযোগিতায় এবং ‘সঙ্কল্প’ হাব ফর এম্পাওয়ারমেন্ট অব উইমেন কাছাড়ের উদ্যোগে শিলচর গুরুচরণ কলেজ প্রেক্ষাগৃহে বেটি বাঁচাও বেটি পড়াও প্রকল্পের ১০ বছর পূর্তী উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে সমাজের বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ চার জন কৃতী মহিলাকে সম্বর্ধনা জানানো হয় । সভায় বিভিন্ন বক্তা বেটি বাঁচাও বেটি পড়াও প্রকল্পের সুদূর প্রসারী প্রভাব সম্পর্কে আলোকপাত করা সহ নারী সুরক্ষা , মর্যাদা ও নেতৃত্বের ওপর গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন ।

হাইলাকান্দির শ্রীকিষান সারদা কলেজে গতকাল বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে আর্ন্তজাতিক নারী দিবস পালন করা হয়েছে । কলেজ অধ্যক্ষ ডক্টর রতন কুমারের পৌরহিত্যে কলেজ প্রেক্ষাগৃহে আয়োজিত নারী দিবসের অনুষ্ঠানে উত্তরাখন্ডের দেরাদূনে সম্প্রতি আয়োজিত জাতীয় ক্রীড়া সমারোহে পদক জয়ী হাইলাকান্দি জেলার তাইকোন্ড খেলোয়াড় পঞ্চমী দাস ও মনিতা আচার্য্যকে সংবর্ধনা জানানো হয়েছে । এছাড়া আসাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপিকা সুপর্না রায় , আইন জীবি মনিকা দেবকে সংবর্ধনা জানানো হয়েছে ।

---

আকাশবাণী শিলচর কেন্দ্র আর্ন্তজাতিক নারী দিবস উপলক্ষ্যে গতকাল শিলচরের জন শিক্ষণ সংস্থানের সহযোগীতায় শিলচর তারাপুরে # সক্ষম নারী শক্তিশালী দেশ # শীর্ষক অনুপ্রেরণামূলক সচেতনতা কার্যসূচীর আয়োজন করে । এতে ওই এলাকার ২০ জন উদীয়মান নারী তাঁদের প্রতিভা প্রদর্শন এবং উজ্জ্বল ভবিষ্যত গড়ার দৃঢ় সংকল্প নিয়ে অংশগ্রহণ করেন ।

---

নারী দিবস উপলক্ষে গতকাল বরাক নাগরিক সংসদের উদ্যোগে শিলচর প্রেস ক্লাবে ‘নারী শক্তি শুধু কথায় নয় , কাজের গতি আরো ত্বরান্বিত করতে হবে ’ শীর্ষক এক আলোচনা সভার আয়োজন করা হয় । অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য চারজন মহিলাকে ‘মহিলা গরিমা সম্মাননা পদক ’প্রদান করা হয় ।

ভারতীয় মজদুর সংঘের কাছাড় জেলা কমিটির উদ্যোগে বনবাসী কল্যাণ আশ্রমে আর্ন্তজাতিক দিবস পালন করা হয় ।

---

এদিকে কাছাড় মানব অধিকার সংস্থার উদ্যোগেও গতকাল বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে আর্ন্তজাতিক নারী দিবস পালন করা হয়েছে । প্রাক্তন অধ্যক্ষা সুমিতা ঘোসের পৌরহিত্যে আয়োজিত নারী দিবসের অনুষ্ঠানে ডক্টর বিভাস দেব , কে এইচ গৌরহরি সিংহ প্রমূখ প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

---

কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের অর্ন্তগত সি আর সি গুয়াহাটীর উদ্যোগে এবং কাছাড় জেলা প্রশাসন ও  সক্ষম সংস্থার সহযোগীতায় আজ শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে পার্পল মেলার আয়োজন করা হয়েছে । কেন্দ্রীয় সরকার বিশেষ প্রতিভাবানদের দক্ষতা , প্রতিভা , শিল্প ,সংস্কৃতি এবং তাদের হস্তকলার প্রচার ও প্রসারের উদ্দেশ্যে এবং দিব্যাংগ জনদের নিয়ে সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য এই প্ল্যাটফর্মের ব্যবস্থা করেছে । এই মেলায় একক সঙ্গীত , নৃত্য , সমবেত নৃত্য , মাইম,স্ট্যান্ড আপ কমেডি , অনুপ্রেরনামূলক বক্তৃতা সহ  দিব্যাঙ্গদের খাবারের স্টল প্রদর্শনী ও বিক্রয়ের জন্য রাখা হবে । বিশেষভাবে সক্ষম ব্যাক্তি , উদ্যোক্তা , বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা , বিশেষ বিদ্যালয় সহ সমস্ত দিবাঙ্গজন যারা ক্রীড়া  ও সংস্কৃতি , চারুকলা , সঙ্গীতের সঙ্গে যুক্ত, তারা এই মেলায় অংশ নিতে পারবেন ।

---

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে আগামী ১৫ই মার্চ দোল যাত্রা উপলক্ষ্যে স্থানীয় ছুটি ঘোষনা করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে আগামী ১৫ই মার্চ রাজ্য সরকারের সব কার্য্যলয় , রাজস্ব ,ম্যাজিস্ট্রেট আদালত , শিক্ষা প্রতিষ্ঠান ও আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকবে । বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে যে জরুরী পরিষেবা যথারীতি চালু থাকবে । এছাড়া পূর্ব নির্ধারিত পরীক্ষা , লিখিত পরীক্ষা , সাক্ষাৎকার , সংশ্লিষ্ট প্রশাসনিক কার্য্যসূচী সময় অনুযায়ী অব্যাহত থাকবে ।

---

হাইলাকান্দি জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আয়োজিত জাতীয় লোক আদালতে ৩৭৩টি মামলার নিষ্পত্তি করা হয়েছে। আইন সেবা কর্তৃপক্ষের সম্পাদক বিদ্যাব্রত আচার্য্য জানান যে আদালতে বিচারাধীন ১৯৫টি নথিভুক্ত মামলারও গতকাল নিষ্পত্তি করা হয়েছে। আদালত প্রাঙ্গনের মোট পাঁচটি বেঞ্চে লোক আদালত প্রক্রিয়া অনুষ্ঠিত হয়েছে। জাতীয় লোক আদালত থেকে সরকার ৯৯ লক্ষ নয়শ ৬৪ টাকা রাজস্ব সংগ্রহ হয়েছে।

---

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ থেকে বিশ্ব গ্লোকমা সপ্তাহ পালন শুরু হচ্ছে। এ উপলক্ষ্যে শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আজ সকাল ৯টায় শিলচর শ্যামাপ্রসাদ রোডের চৌধুরী আই হসপিটাল প্রাঙ্গন থেকে শিলকুড়ি বাজার পর্য্যন্ত একটি র‍্যালীর আয়োজন করা হয়েছে। এছাড়াও বারিক নগর ভিশন সেন্টারে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়েছে। শিবির শুরু হবে সকাল ১১টায়।

উল্লেখ্য প্রতি বছরের ৯ই মার্চ থেকে ১৬ই মার্চ পর্য্যন্ত বিশ্ব গ্লোকমা সপ্তাহ পালন করা হয়ে থাকে।

---